গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৭৬/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ১৬ অক্টোবর ২০১৮, ১ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সৌদি বাদশাহর আমন্ত্রণে প্রধানমন্ত্রী আজ সৌদি আরব যাচ্ছেন

২। অসাম্প্রদায়িক দেশ গঠনে সরকার কাজ করছে :
রাজধানীর দুই পূজামণ্ডপ পরিদর্শনকালে প্রধানমন্ত্রী

৩। ডিজিটাল নিরাপত্তা আইন বস্তুনিষ্ঠ সাংবাদিকতায় বাধা হবে না : প্রধানমন্ত্রী

৪। ঢাকেশ্বরী মন্দিরকে দেড় বিঘা জমি দিলেন প্রধানমন্ত্রী

৫। সম্প্রচারমাধ্যমে বিভ্রান্তি ছড়ালে জেল-জরিমানা : আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

৬। এসডিজি অর্জন বৈশ্বিক চ্যালেঞ্জ : স্পিকার

৭। কার্বন ট্যাক্স আরোপের চিন্তা আছে : অর্থমন্ত্রী

৮। মিয়ানমারের মাদক ষড়যন্ত্রের শিকার বাংলাদেশ : শিল্পমন্ত্রী

৯। ৫টি সংক্রামক রোগ থেকে বাঁচতে হাত ধোয়া গুরুত্বপূর্ণ :
বিশ্ব হাত ধোয়া দিবসের অনুষ্ঠানে এলজিআরডি মন্ত্রী

১০। ডিজিটাল নিরাপত্তা আইন গণমাধ্যমের জন্য করা হয়নি : তথ্যমন্ত্রী

১১। পাবলিক পরীক্ষায় প্রশ্নফাঁসরোধে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত :
পুলিশ-ম্যাজিস্ট্রেটরাও কেন্দ্রে মোবাইল নিতে পারবে না

১২। পদ্মায় ক্ষতিগ্রস্তদের ৮০ হাজার ইউরো দেবে ইইউ

১৩। আজ বিশ্ব খাদ্য দিবস

চলমান পাতা-২

১।   সৌদি বাদশাহর আমন্ত্রণে প্রধানমন্ত্রী আজ সৌদি আরব যাচ্ছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল-সৌদের আমন্ত্রণে আজ সৌদি আরব যাচ্ছেন। তিন দিনের এ সফরে সালমান বিন আবদুল আজিজের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন প্রধানমন্ত্রী। বৈঠকে বাংলাদেশে বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে সহযোগিতার মতো বিষয়গুলো গুরুত্ব পাবে বলে গতকাল (১৫ অক্টোবর সোমবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদসম্মেলনে জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

২।   অসাম্প্রদায়িক দেশ গঠনে সরকার কাজ করছে :
রাজধানীর দুই পূজামণ্ডপ পরিদর্শনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে সরকার কাজ করে যাচ্ছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলেই যার যার অধিকার নিয়ে স্বাধীনভাবে এদেশে বসবাস করবে। ধর্ম যার যার কিন্তু উৎসব সকলের। আমরা সবসময় সেটাই মানি। সকলে মিলে একসঙ্গে দেশকে গড়ে তুলতে চাই। শারদীয় দুর্গোৎসব উপলক্ষে গতকাল (১৫ অক্টোবর সোমবার) রাজধানীর টিকাটুলী রামকৃষ্ণ মিশন এবং ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে পূজামণ্ডপ পরিদর্শনকালে প্রধানমন্ত্রী আরো বলেন, প্রত্যেক ধর্মের উৎসবের সার্বজনীনতা বিশ্বের কাছে দৃষ্টান্ত। প্রধানমন্ত্রী প্রথমে রামকৃষ্ণ মিশন পূজামণ্ডপ পরিদর্শন করেন। পরে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরের পূজামণ্ডপ পরিদর্শন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৩।   ডিজিটাল নিরাপত্তা আইন বস্তুনিষ্ঠ সাংবাদিকতায় বাধা হবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বস্তুনিষ্ঠ সাংবাদিকতায় ডিজিটাল নিরাপত্তা আইন কোনো বাধা হবে না। প্রধানমন্ত্রী আরো বলেন, যুক্তরাজ্যে এ সংশ্লিষ্ট যে আইন রয়েছে সেটি আরও বেশি কড়া। গতকাল (১৫ অক্টোবর সোমবার) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪।   ঢাকেশ্বরী মন্দিরকে দেড় বিঘা জমি দিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দীর্ঘ ৬০ বছরের পুরনো ভূমি সমস্যা মিটিয়ে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরকে দেড় বিঘা জমি প্রদান করেছেন। পূজা উদ্‌যাপন পরিষদের সাধারণ সম্পাদক নির্মল চ্যাটার্জী দীর্ঘদিনের সমস্যার সমাধান করে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরকে জমি দেওয়ার জন্য প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৫ অক্টোবর সোমবার) ঢাকেশ্বরী মন্দির পরিদর্শনকালে মন্দিরের জমি সমস্যা সমাধানে হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দকে আশ্বাস দিয়েছিলেন। প্রধানমন্ত্রী দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শনকালে তাদের উদ্দেশে বলেন, আমরা ইতোমধ্যেই ভূমি সমস্যার সমাধান করে দিয়েছি। বাকি কাজ আপনাদের ওপর নির্ভর করবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৫।   সম্প্রচারমাধ্যমে বিভ্রান্তি ছড়ালে জেল-জরিমানা : আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

বেতার, টেলিভিশন ও অনলাইন সংবাদ মাধ্যমগুলোকে নিয়মের মধ্যে রাখতে সম্প্রচার কমিশন গঠনের বিধান রেখে সম্প্রচার আইনের খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। খবরে বিভ্রান্তিকর ও অসত্য তথ্য উপস্থাপন ও প্রচার এবং মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা, রাষ্ট্র পরিচালনার মূলনীতি ও রাষ্ট্রীয় আদর্শ-নীতিমালার পরিপন্থি কিছু প্রচার করলে আইনে সম্প্রচার কর্তৃপক্ষকে সর্বোচ্চ তিন বছরের জেল বা পাঁচ কোটি টাকা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত করার ক্ষমতা দেওয়া হয়েছে। গতকাল (১৫ অক্টোবর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'সম্প্রচার আইন-২০১৮'এর খসড়ার নীতিগত অনুমোদন দেওয়া হয়। এ ছাড়া শ্রম আইনের আওতা থেকে সাংবাদিকদের বাদ দিয়ে

গণমাধ্যমকর্মী (চাকরির শর্তাবলি) আইন-২০১৮-এর খসড়ার নীতিগত অনুমোদনও দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৬। এসডিজি অর্জন বৈশ্বিক চ্যালেঞ্জ : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে বাণিজ্যের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসডিজি অর্জন একটি বৈশ্বিক চ্যালেঞ্জ, আর এ ক্ষেত্রে বাণিজ্য এবং বিনিয়োগ অত্যাবশকীয় উপাদান। বৈশ্বিক বাণিজ্যে বিরাজমান অসমতা ও বৈষম্য নিরসনে অন্তর্ভুক্তিমূলক অবাধ বাণিজ্যনীতি প্রণয়নের ওপর তিনি গুরুত্বারোপ করেন। গতকাল (১৫ অক্টোবর সোমবার) সুইজারল্যান্ডের জেনেভায় ১৩৯তম ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন-আইপিইউ'র এসেম্বলির 'স্ট্যান্ডিং কমিটি অন সাসটেইনেবল ডেভেলপমেন্ট, ফিন্যান্স এন্ড ট্রেড' শীর্ষক ডিবেটে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

৭। কার্বন ট্যাক্স আরোপের চিন্তা আছে : অর্থমন্ত্রী

বাংলাদেশে কার্বন ট্যাক্স আরোপের চিন্তা করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, বাংলাদেশ এখনও কার্বন ট্যাক্স আরোপ করেনি। তবে কার্বন বোনাস পায় বাংলাদেশ। বছরে প্রায় চার কোটি ২০ লাখ ডলার বোনাস হিসেবে আসে। পরিবেশবান্ধব শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলায় কয়েকটি প্রতিষ্ঠান এ বোনাস পায় বলে জানান তিনি। গতকাল (১৫ অক্টোবর সোমবার) ইন্দোনেশিয়ার বালি দ্বীপের ওয়েস্টিন হোটেলে বিশ্বব্যাংক-আইএমএফের সম্মেলনে 'ক্লাইমেট ফাইন্যান্স' বিষয়ক মন্ত্রী পর্যায়ের বৈঠকশেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.২)।

৮। মিয়ানমারের মাদক ষড়যন্ত্রের শিকার বাংলাদেশ : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, মিয়ানমারের মাদক ষড়যন্ত্রের শিকার বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী নেতৃত্বে সমুদ্রসীমা জয়ের ফলে তেল-গ্যাসসহ খনিজসম্পদের মালিকানা হাতছাড়া হয়ে যায় মিয়ানমারের। এ কারণে বিক্ষুব্ধ হয়ে মিয়ানমার বাংলাদেশে ইয়াবা ঠেলে দিচ্ছে। বাংলাদেশের তরুণ সমাজকে বিপথগামী করতেই মিয়ানমার এ ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে বলে তিনি মন্তব্য করেন। ৪৯তম বিশ্ব মান দিবস উপলক্ষে গতকাল (১৫ অক্টোবর সোমবার) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) আয়োজিত 'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে আন্তর্জাতিক মান' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ মন্তব্য করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৯। ৫টি সংক্রামক রোগ থেকে বাঁচতে হাত ধোয়া গুরুত্বপূর্ণ :
বিশ্ব হাত ধোয়া দিবসের অনুষ্ঠানে এলজিআরডি মন্ত্রী

নিউমোনিয়া, আমাশয়, টাইফয়েড, জন্ডিস, কৃমির মতো ৫টি সংক্রামক রোগ থেকে বাঁচার জন্য প্রতিরোধব্যবস্থা হিসেবে সঠিক উপায়ে হাত ধোয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বিদ্যালয়ে টয়লেট ব্যবহারের পর ও খাবার খাওয়ার আগে হাত ধোয়ার সাবান ব্যবহারের সুবিধা থাকলে শিশুদের বিকাশ দ্রুততর হয়। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় সঠিক উপায়ে হাত ধোয়ার বিষয়টি অপরিহার্য বলে জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল (১৫ অক্টোবর সোমবার) ওসমানী স্মৃতি মিলনায়তন চত্বরে 'বিশ্ব হাত ধোয়া দিবস-২০১৮'এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

১০। ডিজিটাল নিরাপত্তা আইন গণমাধ্যমের জন্য করা হয়নি : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন গণমাধ্যমের জন্য করা হয়নি। গতকাল (১৫ অক্টোবর সোমবার) জাতীয় প্রেসক্লাবে 'অর্থনীতিতে গ্রামীণ নারীর অবদান' শীর্ষক আলোচনাসভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বলেছেন এ আইন করা হয়েছে শিশুদের নিরাপত্তা,

সাইবার অপরাধী, হ্যাকার ও ডিজিটাল সমাজের নিরাপত্তার জন্য। কোনো অবস্থায়ই গণমাধ্যমের জন্য করা হয়নি। এ আইনের কোনো জায়গায় গণমাধ্যমকর্মীদের কথা বলা হয়নি। তিনি বলেন, এরপরও যদি এ আইন নিয়ে কোনো আলোচনা থাকে, তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মন্ত্রণালয় আলোচনা করে দেখবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬)।

১১। পাবলিক পরীক্ষায় প্রশ্নফাঁসরোধে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত : পুলিশ-ম্যাজিস্ট্রেটরাও কেন্দ্রে মোবাইল নিতে পারবে না

পাবলিক পরীক্ষার দায়িত্ব পালন করতে গিয়ে কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না ম্যাজিস্ট্রেট ও পুলিশ সদস্যরাও। কেন্দ্রের ভেতরে একমাত্র কেন্দ্রসচিব একটি সাধারণ মোবাইল ফোন (স্মার্টফোন নয়) ব্যবহার করতে পারবেন। আগামী ১ নভেম্বর শুরু হতে যাওয়া চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা থেকেই এ নিয়ম কার্যকর হবে। প্রশ্নফাঁসমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে এমন সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (১৫ অক্টোবর সোমবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্তের কথা সরকারের সব দপ্তরের প্রতিনিধিদের জানিয়ে দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

১২। পদ্মায় ক্ষতিগ্রস্তদের ৮০ হাজার ইউরো দেবে ইইউ

পদ্মা নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের জন্য ৮০ হাজার ইউরো সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ক্ষতিগ্রস্ত ১৫ হাজার মানুষ এ অর্থ থেকে সহায়তা পাবেন। গতকাল (১৫ অক্টোবর সোমবার) ঢাকার ইউরোপীয় ইউনিয়ন অফিসের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

১৩। আজ বিশ্ব খাদ্য দিবস

আজ (১৬ অক্টোবর মঙ্গলবার) বিশ্ব খাদ্য দিবস। ২০৩০ সালের মধ্যে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বিশ্ব গড়ার লক্ষ্যে এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'কর্মে গড়ে ভবিষ্যৎ, কর্মই গড়বে ২০৩০-এ ক্ষুধামুক্ত বিশ্ব'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সরকারি নির্দেশনা অনুযায়ী ইলিশ মাছ ধরার নিষেধাজ্ঞার এক সপ্তাহের মধ্যে গরিব জেলেদের কাছে ঠিকমতো ত্রাণের চাল না পৌছানোর কারণে নিষেধাজ্ঞা অমান্য করে মা ইলিশ নিধন করছে জেলেরা উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে দ্রুত জেলেদের মধ্যে চাল বিতরণের সুপারিশ।

খ. **ভোরের কাগজ, যুগান্তর, যায়যায়দিন, সংবাদ, ইন্ডিপেনডেন্ট :** আবারো পাহাড়ধসে বন্দরনগরী চট্টগ্রামে ৪ জনের প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করে পাহাড়ধসের ঘটনা রোধে যে সব সুপারিশ করা হয়েছে সেগুলোর কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** তেঁতুলিয়া নদীর ১০টি চর নিয়ে গঠিত চন্দ্রদীপ ইউনিয়নে কোনো মাধ্যমিক বিদ্যালয় বা মহাবিদ্যালয় না থাকায় এ চরাঞ্চলের শতাধিক শিক্ষার্থীকে প্রতিদিন নৌকা ও ট্রলারে করে তেঁতুলিয়া নদী পার হয়ে অন্যত্র নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে যেতে হয় উল্লেখ করে শিক্ষার্থীদের এ ধরনের সমস্যা সমাধানে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে পাশে থাকার ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক এ খবরে স্বস্তি প্রকাশ করে আমাদের অর্থনৈতিক উন্নয়ন আরও ত্বরান্বিত হবে বলে মতপ্রকাশ।

ঙ. **নিউ নেশন, ডেইলি স্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **এশিয়ান এজ, অবজারভার :** দেশের প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো যথাযথভাবে সংরক্ষণের ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের বেকারদের বিদ্যমান স্রোত ঠেকাতে এদের দক্ষতা তৈরির পরিকল্পিত ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **‘প্রবীণরাও মানবসম্পদ’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রবীণদের অধিকার আদায় ও বাস্তবায়নে আমাদের সচেতন হওয়া উচিত।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা